



কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

আইটি বিভাগ

www.kb.gov.bd, E-mail : it@kb.gov.bd



সূত্র নম্বরঃ ৫৩.১৭.০০০০.০৭০.৯৯.০০৭.১৯-৪৭৫

তারিখ: ১৬ জুন, ২০২০

সকল আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

বিষয় : সাময়িক জাতীয় পরিচয় পত্র (NID) গ্রহণ সাপেক্ষে সার্ভিস প্রদান।

উপর্যুক্ত বিষয়ে ১০ জুন ২০২০ তারিখে বাংলাদেশ নির্বাচন কমিশন থেকে প্রাপ্ত ১৮ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দের ১৭.০০.০০০০.০৬৩.৫২.০৪৭.১৯.৫১ নম্বর স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ নির্বাচন কমিশন বিশেষ কারণে ২০১৭ খ্রিষ্টাব্দ পরবর্তী কিছু সংখ্যক ভোটারকে ০২(দুই) বছর মেয়াদী সাময়িক পেপার লেমিনেটেড NID কার্ড সরবরাহ করে যেখানে মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল। উক্ত NID সমূহের মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে/হবে। মেয়াদোত্তীর্ণ হলেও সাময়িক NID কার্ডে উল্লিখিত মেয়াদ অগ্রাহ্য হবে এবং তার জাতীয় পরিচয়পত্র বহাল থাকবে। উল্লেখ্য, সাময়িক জাতীয় পরিচয়পত্রসমূহের ক্ষেত্রে NID ডাটাবেজে কোনো সময়ের সীমারেখা নেই। তবে প্রয়োজনবোধে নির্বাচন কমিশনে সংরক্ষিত NID ডাটাবেজ সার্ভার হতে উক্ত সাময়িক জাতীয় পরিচয়পত্রের সঠিকতা যাচাই করে নেয়া যেতে পারে।

০৩। এমতাবস্থায়, কর্মসংস্থান ব্যাংকের গ্রাহকদের ব্যাংক একাউন্ট খোলা, অর্থ উত্তোলন, ঋণ বিতরণসহ আর্থিক লেনদেন ও অন্যান্য নাগরিক সেবা গ্রহণের ক্ষেত্রে কোনো ব্যক্তি সাময়িক NID প্রদান করলে তা যাচাই সাপেক্ষে সঠিক পাওয়া গেলে উক্ত ব্যক্তিকে সংশ্লিষ্ট সেবা প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ আলা উদ্দিন)

উপমহাব্যবস্থাপক

সূত্র নম্বরঃ ৫৩.১৭.০০০০.০৭০.৯৯.০০৭.১৯- ৪৭৫

তারিখ: -ঐ-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক এর সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় দায়িত্বে নিয়োজিত সহকারী মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় কার্যালয়ের দায়িত্বে নিয়োজিত সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক;
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, কর্মসংস্থান ব্যাংক;
- ০৭। বোর্ড সচিব, পর্যদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৮। অফিস নথি।

(মোঃ জাহাঙ্গীর আলম বেপারী)

সহকারী মহাব্যবস্থাপক